কাজের কথা

গতবাঁধা ছকের বাইরে এগোতে চাইলে?

সাধারণত উচ্চমাধ্যমিকের পর এই বঙ্গের ছেলেমেয়েরা তাদের কাজের দিশা খুঁজতে বেরোয়। তবে যত দিন যাচ্ছে, কে কোন পথে যাবে তার কিছুটা ধারণা অনেকেই খোঁজখবরের মাধ্যমে আগেভাগেই পেতে চায়। জেনারেল ডিগ্রি কোর্স, জয়েন্ট এন্ট্রান্স বা আইন, ম্যানেজমেন্টের মতো চিরাচরিত পেশাভিত্তিক পড়াশুনার বাইরে গিয়েও কয়েকশো বিষয়ে কেরিয়ার গড়া যায়।

যাদের গতানুগতিক পড়াশোনার বাইরে গিয়ে একটু ভিন্ন ধরনের কেরিয়ারের চিন্তাভাবনা রয়েছে, তাদের জন্য শুরু হল ধারাবাহিকভাবে নানান কোর্স বিষয়ে খোঁজখবর—

ফায়ার অ্যান্ড সেফটি এডুকেশন

বিভিন্ন অফিস, ব্যবসায়িক প্রতিষ্ঠান, প্রোডাকশন এরিয়া, কর্পোরেট বিল্ডিং প্রভৃতি ক্ষেত্রে অগ্নি নির্বাপণ এবং অন্যান্য দুর্ঘটনা এড়াতে ফায়ার অ্যান্ড সেফটির খুব প্রয়োজন। বিষয়টি নিয়ে পড়াশুনা করা দক্ষ কর্মীদের ভীষণভাবে প্রয়োজন।

কেমন কাজ ঃ ফায়ার অ্যান্ড সেফটির ব্যাপারে উন্নত মানের নির্বাপক বা সিকিউরিটি সিস্টেম তৈরি থেকে শুরু করে বিপর্যয় বা মোকাবিলার সময় নিরাপত্তাপ্রদান সবকিছুই জুড়ে রয়েছে এই প্রশিক্ষণে।

যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিকের পর বিষয়টি নিয়ে পড়াশুনা করা যায়। ওই একই যোগ্যতাতেই বহু প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্সও করা যেতে পারে।

অন্যান্য দক্ষতা ঃ এই পেশায় শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি দৈহিক গঠন, মনোবল অত্যন্ত গুরুত্বপূর্ণ ভমিকা পালন করে। অত্যন্ত বিপদসঙ্কুল পরিবেশে কাজ করার মানসিকতা গড়ে তুলতে হবে। বিপদ, বিপর্যয়ের সময় অসংখ্য মানুষ নির্ভরশীল হয়ে ওঠেন ফায়ার, সেফটি ম্যানেজমেন্ট টিমের সদস্যের ওপর।

কোর্স করতে চাইলে ঃ কেন্দ্রীয় সরকার অনুমোদিত ন্যাশনাল ইনস্টিটিউট অব ফায়ার অ্যান্ড সেফটি ম্যানেমেন্ট, সেন্ট্রাল লেবার ইনস্টিটিউট, ন্যাশনাল কাউন্সিল অব এডুকেশন রিসার্চ অ্যান্ড ট্রেনিং অনুমোদিত প্রতিষ্ঠান এবং একাধিক বেসরকারি প্রতিষ্ঠানে এই বিষয়ের ওপর ডিপ্লোমা বা পিজি ডিপ্লোমা কোর্স করানো হয়।

ফ্যাশন টেকনলজি

এ যুগ ফ্যাশনের যুগ। ফ্যাশন ছাড়া ভূষণও বেমানান লাগে সাম্প্রতিক সময়ে।

কেমন কাজ ঃ ফ্যাশন ইন্ডাস্ট্রিতে মূলত মার্কেট রিসার্চ, ডিজাইনিং এবং ম্যানুফাকচারিং এই তিন বিভাগে কাজ হয়।

যোগ্যতা ঃ শিল্পকলা, নকশা নিয়ে কাজ করার জন্য নির্দিষ্ট যোগ্যতা বাধা হয়ে দাঁড়ায় না। কথা বলায় দক্ষতা এবং শিল্প, আঁকাজোকা, টেলারিং এরকম কিছুর ওপর কোর্স করা থাকলে বাড়তি সুবিধা পাওয়া যায়। ৫০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক উত্তীর্ণ যোগ্যতা থাকলে ফ্যাশন ডিজাইনিং নিয়ে গ্র্যাজুয়েশন বা তারপর পোস্ট গ্র্যাজুয়েশন স্তরে পড়াশুনা করা যেতে পারে।

পড়ার সুযোগ ঃ বহু সংস্থা রয়েছে, যেখান থেকে সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স করেও এই পেশার জগতে যথেষ্ট উন্নতি করার সুযোগ রয়েছে। কলকাতায় রয়েছে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনলজি, যেখানে ফ্যাশন ডিজাইন, লেদার ডিজাইন, টেক্সটাইল ডিজাইন, অ্যাক্সেসরি ডিজাইন এরকম একাধিক বিষয়ে পড়াশুনা করা যেতে পারে। গ্র্যাজুয়েশন এবং পোস্ট গ্র্যাজুয়েশন উভয় স্তরেই পড়া যেতে পারে। ডব্লুবিইউটি থেকে অ্যাপারেল প্রোডাকশন-এর ওপর বিটেক কোর্স হয়ে থাকে। অ্যাপারেল ট্রেনিং অ্যান্ড ডিজাইন সেন্টার, সেক্টর ৩, সল্টলেক ঠিকানায় অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং, অ্যাপারেল ডিজাইন, ফ্যাশন ডিজাইন, টেক্সটাইল ডিজাইন টেকনোলজি এ রকম একাধিক কোর্স করিয়ে থাকে। অষ্টম শ্রেণি উত্তীর্ণদের জন্য বিভিন্ন ধরনের কোর্সের সুযোগ রয়েছে। রাজ্যের বাইরে ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন, ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনলজি (নিউ দিল্লি) ইন্ডিয়ান ইনস্টিটিউট অব আর্ট অ্যান্ড ফ্যাশন টেকনোলজি (মুম্বাই) রয়েছে এই বিষয় নিয়ে পড়াশুনার জন্য। নিফটের মতো কলকাতা সহ সারা দেশে ছড়িয়ে আছে অ্যাপারেল ট্রেনিং সেন্টার।

কাজের সুযোগ ঃ প্রশিক্ষণ নিতে পারলে বস্ত্র উৎপাদক সংস্থা সহ ফিল্ম ইন্ডাস্ট্রিতেও বিপুল কাজের সুযোগ আছে।

লাইব্রেরি সায়েন্সের কোর্স

ব্যাচেলর অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়।

যোগ্যতা ঃ মোট কমপক্ষে ৫০ শতাংশ (তপশিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ), ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর সহ অনার্স গ্র্যাজুয়েট। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ (তপশিলিদের ক্ষেত্রে ৪১.২৫ শতাংশ, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর সহ পাস গ্র্যাজুয়েট। অথবা মোট অন্তত ৫০ শতাংশ (তপশিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর সহ ল বা মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ব্যাচেলার্স ডিগ্রি।

সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে মোট কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই ঃ স্নাতক স্তরে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন ঃ আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.jaduniv.edu.in

আবেদনের শেষ তারিখ ঃ ২ নভেম্বর।

জরুরি তথ্য ঃ আবেদনের সময় প্রার্থীর উচ্চমাধ্যমিক ও স্নাতক স্তরের ফাইনাল মার্কশিট এবং প্রযোজ্য ক্ষেত্রে তপশিলি, ওবিসি ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (জেপিজি ফর্ম্যাটে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্য পেতে দেখুন প্রতিবেদনে উল্লিখিত ওয়েবসাইট।

সেনাবাহিনীতে প্রযুক্তি বিভাগে ১৯১ নিয়োগ

ভারতীয় সেনাবাহিনীতে ৫৬তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) কোর্স এবং ২৭তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) উওমেন কোর্সে (এপ্রিল ২০২১) ১৯১ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেওয়া হবে।

প্রশিক্ষণ দিয়ে নিয়োগ করা হবে বিভিন্ন টেকনিক্যাল শাখায়। এছাড়া ২টি শূন্যপদ রয়েছে নন-টেকনিক্যাল শাখায়।

নিয়োগ ঃ ৫৬তম শর্ট সার্ভিস কমিশনের (টেকনিক্যাল) মাধ্যমে টেকনিক্যাল বিভাগে পুরুষদের ১৭৫টি শূন্যপদ পূরণ করা হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়।

শূন্যপদের বিন্যাস ঃ সিভিল ২৯টি। আর্কিটেকচার ১টি। বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি ১টি। মেকানিক্যাল ১৫টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ১৬টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/ এমএসসি (কম্পিউটার সায়েন্স) ৪৭টি। ইলেক্ট্রনিক অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনিকেশন ২১টি। ইলেক্ট্রনিক্স ৩টি। মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ ৩টি। অ্যারোনটিক্যাল ৫টি। অ্যারোস্পেস ১টি। অ্যাভিওনিক্স ৫টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ২টি। অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং ২টি। ইনস্ট্রুমেন্টেশন ২টি। টেক্সটাইল ১টি। ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং ১টি।

আবেদনযোগ্য ঃ শুধুমাত্র পুরুষরাই আবেদন করতে পারবেন।

২৭তম শর্ট সার্ভিস কমিশনে মহিলাদের জন্য ডিসিপ্লিন অনুসারে শূন্যপদ ঃ সিভিল ৩টি। আর্কিটেকচার/ বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি ১টি। মেকানিক্যাল ১টি। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ২টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/স্যাটেলাইট কমিউনিকেশন ২টি। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এমএসসি (কম্পিউটার সায়েন্স) ৪টি। অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং ১টি।

আবেদনের যোগ্যতা ঃ শুধুমাত্র অবিবাহিত মেয়েরা আবেদন করতে পারবেন।

এছাড়া কর্মরত অবস্থায় প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য টেকনিক্যাল ও নন টেকনিক্যাল শাখায় ১টি করে শূন্যপদ রয়েছে।

শিক্ষাগত যোগ্যতা ঃ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সমতুল বিষয়গুলি হল—সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (মেকট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এমএসসি (কম্পিউটার সায়েন্স) ৪টি। অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং ১টি।

অনলাইনে আবেদন করা যাবে ১২ নভেম্বর পর্যন্ত

বয়স ঃ ১-৪-২০২১ তারিখে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৪-১৯৯৪ থেকে ১-৪-২০০১-এর মধ্যে। প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাইঃ প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড, দুটি পর্যায়ের পরীক্ষার মাধ্যমে।

নির্বাচন কেন্দ্র ঃ নির্বাচিত সেন্টারগুলি হল—এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু ও কাপুরথালা। নির্বাচিত সেন্টারে প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই বাকি টেস্টগুলি দেওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সবশেষে মেডিক্যাল পরীক্ষা।

প্রশিক্ষণ ঃ ৪৯ সপ্তাহের প্রশিক্ষণ। প্রশিক্ষণ হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শুরু হবে লেফটেন্যান্ট র‍্যাংকে। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাংক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬১০০ টাকা। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ।

বেতনক্রম ঃ ৫৬১০০-১৭৭৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫৫০০ টাকা।

অনলাইন আবেদন ঃ আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.joinindianarmy.nic.in

আবেদনের শেষ তারিখ ঃ ১২ নভেম্বর।

জরুরি তথ্য ঃ আবেদনকারীর চালু ই-মেল আইডি থাকতে হবে। যথাযথ ভাবে আবেদন পূরণ করে সাবমিট করবেন। সাবমিটের পর রোল নম্বর পাওয়া যাবে। শেষ তারিখে আবেদনের সময়সীমা পেরোনোর ৩০ মিনিট পর রোল নম্বর সহ পূরণ করা আবেদনপত্রের দু-কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

বিশদ তথ্য পেতে ঃ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন প্রতিবেদনে উল্লিখিত ওয়েবসাইট।

উৎকর্ষ বাংলায় বিভিন্ন পদে নিয়োগ

পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট ১৫৮ জন ব্লক লেভেল স্টাফ এবং প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট কাম ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করবে।

অধীনস্থ সংস্থা ঃ স্কিল ডেভেলপমেন্ট রাজ্যের টেকনিক্যাল এডুকেশন, ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। উৎকর্ষ বাংলা প্রকল্পে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে।

জেলা অনুসারে শূন্যপদ

ব্লক লেভেল স্টাফ ঃ মোট শূন্যপদ ১১৪টি। উত্তর ২৪ পরগনা ১৩টি। দক্ষিণ ২৪ পরগনা ১৮টি। আলিপুরদুয়ার ৩টি। বাঁকুড়া ২টি। বীরভূম ১০টি। দক্ষিণ দিনাজপুর ৪টি। দার্জিলিং ৮টি। হুগলি ২টি। হাওড়া ১১টি। জলপাইগুড়ি ৫টি। ঝাড়গ্রাম ৫টি। কালিম্পং ২টি। মালদা ১টি। মুর্শিদাবাদ ১টি। নদীয়া ৮টি। পশ্চিম বর্ধমান ২টি। পূর্ব বর্ধমান ৩টি। পূর্ব মেদিনীপুর ১১টি। পুরুলিয়া ২টি। উত্তর দিনাজপুর ৩টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ স্নাতক। সেই সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। বাংলা বা স্থানীয় ভাষা ভালোভাবে জানতে হবে। ঘোরাঘুরির কাজে অভ্যস্ত হতে হবে। তৃণমূল স্তরে ট্রেনিং প্রোভাইডারদের সহযোগিতার দক্ষতা থাকতে হবে।

বেতন ঃ নির্দিষ্ট মাসিক ১২০০০ টাকা।

প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট কাম ডেটা এন্ট্রি অপারেটর ঃ মোট শূন্যপদ ৪৪টি। উত্তর ২৪ পরগনা ২টি। দক্ষিণ ২৪ পরগনা ২টি। বাঁকুড়া ৩টি। বীরভূম ৩টি। কোচবিহার ৩টি। দক্ষিণ দিনাজপুর ১টি। দার্জিলিং ৪টি। হুগলি ৩টি। হাওড়া ১টি। জলপাইগুড়ি ২টি। কালিম্পং ১টি। কলকাতা ১টি। মালদা ২টি। মুর্শিদাবাদ ৩টি। নদীয়া ২টি। পশ্চিম বর্ধমান ২টি। পশ্চিম মেদিনীপুর ৩টি। পূর্ব বর্ধমান ২টি। পূর্ব মেদিনীপুর ১টি। পুরুলিয়া ২টি। উত্তর দিনাজপুর ১টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ বিসিএ বা এমসিএ। মাইক্রোসফট অফিস, মাইক্রোসফট ওয়ার্ড, পাওয়ারপয়েন্ট এবং এক্সেলের কাজে দক্ষ হতে হবে। কম্পিউটারে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি ভাষা ভালোভাবে জানতে হবে।

বেতন ঃ নির্দিষ্ট মাসিক ১১০০০ টাকা।

বয়স ঃ ১-১২-২০২০ তারিখে ২৩ থেকে ৪৪ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৫০ নম্বর), প্র্যাক্টিক্যাল এক্সামিনেশন (৩০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে।

লিখিত পরীক্ষায় এলিমেন্টারি ম্যাথমেটিক্স, জেনারেল নলেজ এবং ইংরেজি বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে।

অনলাইন আবেদন ঃ আগ্রহী প্রার্থীদের অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.pbssd.gov.in

অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ নভেম্বর।

সেন্ট্রাল কোলফিল্ডসে জুনিয়ার ওভারম্যান

জুনিয়ার ওভারম্যান পদে ৭৫ জনকে নেবে সেন্ট্রাল কোলফিল্ডস। এটি কোল ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা।

উল্লেখ্য, ৩০-০৯-২০১৯ তারিখে এই নিয়োগের মূল বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। তবে মহিলাদের জুনিয়ার ওভারম্যান পদে আবেদনের অনুমতি ছিল না। এবার নতুন একটি বিজ্ঞপ্তি জারি করে সংস্থা জানিয়েছে, উপরোক্ত শূন্যপদে মহিলারাও আবেদন জানাতে পারবেন।

এমন অবস্থায় শুধুমাত্র মহিলাদের কাছ থেকে আবেদন গ্রহণ করা হবে। মোট শূন্যপদের সংখ্যা ও শিক্ষাগত যোগ্যতা একই থাকছে।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ ঃ সাধারণ ১২, তপশিলি জাতি ৩, তপশিলি উপজাতি ৫৫, ওবিসি ৩, আর্থিকভাবে অনগ্রসর ২।

শিক্ষাগত যোগ্যতা ঃ ডিরেক্টর জেনারেল অব মাইনস সেফটি কর্তৃক প্রদত্ত বৈধ ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট ও ফার্স্ট এড সার্টিফিকেট থাকতে হবে। বয়স ১০-১১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তপশিলিরা ৫ এবং ওবিসিরা বয়সে ৩ বছর ছাড় পাবেন।

মূল বেতন ঃ ৩১৮৫২.৫৬ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

পরীক্ষাকেন্দ্র ঃ রাঁচি।

আবেদনের শেষ তারিখ ঃ ১১ নভেম্বর।

আবেদন করতে হলে ঃ অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.centralcoalfields.in আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত রঙিন ফোটো ও সই স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনের সময় একটি অ্যাপ্লিকেশন আইডি পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তপশিলিদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইনে বা চালানের মাধ্যমে। অনলাইনে ফি দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। চালানের মাধ্যমে ফি দিলে চালানটি স্ক্যান করে রাখবেন। এটি আপলোড করতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

জরুরি তথ্য ঃ প্রয়োজনীয় নথিপত্র সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ভরা খামের ওপর পদের নাম এবং অ্যাপ্লিকেশন আইডি লিখে দেবেন। আবেদনপত্র স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ১১ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়—The General Manager (Recruitment), Recruitment Department, 2nd Floor, Damodar Building, Central Coalfields Limited, Darbhanga House, Ranchi-834001.

বিশদ তথ্যের জন্য দেখুন প্রতিবেদনে উল্লিখিত ওয়েবসাইট।

আগামী ১ নভেম্বর রংদার রোববার-এর পাতায়

বিপুল দাস

শাশ্বতী চন্দ

শুভময় সরকার

শুভ্রদীপ চৌধুরি

‘বারো ইয়ারি উপন্যাস’

যা এগিয়ে নিয়ে চলেছেন উত্তরের সুপরিচিত এগারোজন ঔপন্যাসিক। উপন্যাসের শেষ পরিণতি কী হবে, তা জানাবেন... ? আপনি

উত্তরবঙ্গ সংবাদের ৪০ বছরের গৌরবময় ইতিহাসে এই প্রথম

মণিদীপা নন্দী বিশ্বাস

রম্যাণী গোস্বামী

দেবেশকান্তি চক্রবর্তী

সুচন্দ্রা ভট্টাচার্য

সেবন্তী ঘোষ

মৃগাঙ্ক ভট্টাচার্য

সাগরিকা রায়